Resource Integration Centre (RIC)
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

সমাজ কল্যাণ বিভাগ রেজিঃ নং-ঢ-০১১৬৪, এমআরএ সনদ নং-০০৩৪৯-০১৩৭৫-০০১৬৭, এনজিও বিষয়ক ব্যুরো রেজিঃ নং-১৭৭

সূত্র নং ঃ রিক/কেন্দ্রিয়/পরি/২০২৬/৮৩৯ তারিখ ঃ ২৪ সেপ্টেম্বর, ২০২৬

প্রতি
এরিয়া, জোন ও ডিভিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ
রিসোর্সেস ইন্টিগ্রেশন সেন্টার(রিক)।

বিষয় ঃ উদ্ভাবনীমূলক আর্থিকসেবা প্রচলনের জন্য সম্ভাবনাময় ক্ষুদ্র উদ্যোগের প্রাথমিক তথ্য প্রেরণ প্রসংগে।

প্রিয় সহকর্মীবৃন্দ,
সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জানানো যাচ্ছে যে, পিকেএসএফ ক্ষুদ্র উদ্যোগসমূহের প্রসারে বহুমাত্রিক ও পরিবর্তনশীল অর্থায়ন চাহিদা বিবেচনায় অধিকতর উপযোগী ও উদ্ভাবনীমূলক আর্থিক সেবা প্রচলনের জন্য পাইলোটিং আকারে কিছু ক্ষুদ্র উদ্যোক্তাকে অর্থায়ন বা ঋণ প্রদানের সিদ্ধান্ত গ্রহন করেছেন। সে লক্ষ্যে যেসব প্রবৃদ্ধিমূখী উদ্যোক্তার ব্যবসা সম্প্রসারণ বা উৎপাদনশীল বিনিয়োগের বাস্তব সম্ভাবনা রয়েছে, সেসব উদ্যোগকে বিশেষভাবে অগ্রাধিকার দিয়ে প্রেরিত গাইডলাইন বা ধারণাপত্রের ভিত্তিতে সংযুক্ত ফরমেট অনুযায়ী প্রত্যেক ডিভিশন থেকে সর্বোচ্চ ১০ জন ক্ষুদ্র উদ্যোক্তার তথ্য আগামী ২৮ সেপ্টেম্বর ২০২৬ ইং তারিখের মধ্যে কেন্দ্রিয় কার্যালয়ে (asad@ric-bd.org) মেইলে প্রদানের জন্য বিশেষ ভাবে বলা যাচ্ছে। উল্লেখ্য যে, সংস্থার বিদ্যমান ও পরীক্ষিত এমই(ME) সদস্য যাদের ঋণ পরিশোধের ভালো রেকর্ড রয়েছে এবং সু-প্রতিষ্ঠিত ব্যবসায়িক বা কার্যকারী মূলধনের চক্র রয়েছে তাদের তথ্য প্রদান করতে হবে। এ বিষয়ে জানার প্রয়োজন হলে জনাব মানিক চন্দ্র রায়, সিনিয়র ম্যানেজার (০১৩১৩৪৩১০২৮) এর সাথে যোগাযোগ করার জন্য বলা হলো।

আন্তরিক ধন্যবাদসহ

Dhaula
(আফরোজা লায়লা)
পরিচালক ও প্রধান ঋণ কর্মকর্তা, রিক।

অনুলিপি: ১. নির্বাহী পরিচালক, রিক।
২. উপ ও সহকারী পরিচালক এবং বিভাগীয় ও সেল প্রধান, রিক।
৩. অফিস কপি।

সংযুক্তি: ১. পিকেএসএফ চিঠিসহ উদ্ভাবনীমূলক আর্থিকসেবার প্রচলন বিষয়ে সংক্ষিপ্ত ধারণাপত্র।

House # 88/A, Road # 7/A, Dhanmondi R/A, Dhaka-1209, Bangladesh. G.P.O. Box # 2789
Phone: 880-2-58152424, 880-2-222245048, E-mail: ricdirector@yahoo.com, Web: www.ric-bd.org

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf.org.bd

স্মারক: ৫৩.২৩.০০০০.০৫৬.০১.২০২৬- ৫৫৮৪ তারিখ: ২০ সেপ্টেম্বর ২০২৬

প্রধান নির্বাহী/নির্বাহী পরিচালক
নির্বাচিত সহযোগী সংস্থা

বিষয়: সম্ভাবনাময় ক্ষুদ্র উদ্যোগসমূহের প্রসারে উদ্ভাবনীমূলক আর্থিক সেবা প্রচলন বিষয়ে আপনার সংস্থার আগ্রহ ও মতামত প্রদান।

প্রিয় মহোদয়,

শুভেচ্ছা নিবেন। বাংলাদেশের ক্ষুদ্র উদ্যোগসমূহের বহুমাত্রিক ও পরিবর্তনশীল অর্থায়ন চাহিদা বিবেচনায় অধিকতর উপযোগী ও উদ্ভাবনীমূলক আর্থিক সেবা প্রচলনের সম্ভাবনা যাচাইয়ের লক্ষ্যে পিকেএসএফ ব্যবস্থাপনা পরিচালক এর উপস্থিতিতে বিগত ০৯ সেপ্টেম্বর ২০২৬ তারিখে আপনার সংস্থাসহ নির্বাচিত সহযোগী সংস্থার প্রতিনিধিদের সাথে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

সভায় সম্ভাবনাময় ক্ষুদ্র উদ্যোগসমূহের প্রবৃদ্ধির ক্ষেত্রে উচ্চ সুদের হার-কে অন্যতম মূল প্রতিবন্ধক হিসেবে চিহ্নিত করে, এসব উদ্যোগসমূহের প্রবৃদ্ধি ত্বরান্বিত করার লক্ষ্যে ব্যবসার প্রকৃতি, বিনিয়োগের সময়কাল, cash flow এবং ঝুঁকির সঙ্গে অধিকতর সামঞ্জস্যপূর্ণ নতুন ধরনের আর্থিক সেবা প্রচলনের উপর গুরুত্বারোপ করা হয়। এক্ষেত্রে equity, quasi-equity, দীর্ঘমেয়াদি অর্থায়ন, working capital, অনুদান এবং insurance/guarantee-এর মতো ঝুঁকি প্রশমন ব্যবস্থার সমন্বয়ে প্রবৃদ্ধি সহায়ক উপযুক্ত blended financing solution তৈরির সম্ভাবনার বিষয়টি তুলে ধরা হয়।

সভায় অংশগ্রহণকারী সংস্থাসমূহের প্রতিনিধিগণ প্রস্তাবিত উদ্যোগটির সঙ্গে নীতিগতভাবে সম্পৃক্ত হওয়ার বিষয়ে সম্মতি জ্ঞাপন করেন এবং উদ্যোগটি সর্ম্পকে আরও বিস্তারিত অবহিত হওয়ার আগ্রহ প্রকাশ করেন। এ প্রেক্ষিতে, এ বিষয়ে একটি **সংক্ষিপ্ত ধারণাপত্র এবং বিস্তারিত উপস্থাপনা আপনাদের অবগতি ও পর্যালোচনার জন্য সংযুক্ত করা হলো।**

একইসঙ্গে, প্রস্তাবিত উদ্যোগটির মাঠপর্যায়ের সম্ভাব্যতা সম্পর্কে প্রাথমিক ধারণা লাভের লক্ষ্যে আগ্রহী সহযোগী সংস্থাসমূহকে প্রাথমিকভাবে সম্ভাবনাময় ক্ষুদ্র উদ্যোগের (সর্বোচ্চ ১০টি) তথ্য সংযুক্ত ছকে প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

সার্বিকভাবে প্রস্তাবিত উদ্যোগটির বিষয়ে আপনার সংস্থার আগ্রহ, মতামত এবং সংযুক্ত ছকে সম্ভাবনাময় ক্ষুদ্র উদ্যোগের তথ্য আগামী ৩০ সেপ্টেম্বর তারিখের মধ্যে পিকেএসএফ-এ এবং অনুলিপি arif.pksf@gmail.com-এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া এ বিষয়ে কোনো স্পষ্টতা'র প্রয়োজন হলে জনাব মো: আরিফুল হক, ব্যবস্থাপক (০১৬৭৬-১৫৯০৪৬)-এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

আপনাদের সক্রিয় অংশগ্রহণ ও গঠনমূলক মতামত প্রস্তাবিত উদ্যোগটি কার্যকরভাবে বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হবে মর্মে পিকেএসএফ আশাবাদী।

ধন্যবাদান্তে,

২০/৯/২৬

(মোঃ মশিয়ার রহমান)
উপ-ব্যবস্থাপনা পরিচালক

সংযুক্তি:
১. প্রস্তাবিত উদ্যোগ বিষয়ে ধারণাপত্র এবং উপস্থাপনা
২. সম্ভাবনাময় ক্ষুদ্র উদ্যোগের তথ্য প্রদানের ছক

অনুলিপি (সদয় অবগতির জন্য):
১. ব্যবস্থাপনা পরিচালক
২. উপ-ব্যবস্থাপনা পরিচালক (সকল)

পিকেএসএফ ভবন-১, ই-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ।
৮৮-০২-২২২২১৮৩৩১-৩৩, ২২২২১৮৩৩৫-৩৯
৮৮-০২-২২২২১৮৩৪১, ২২২২১৮৩৪৩
pksf@pksf.org.bd
facebook.com/pksf.org.bd
youtube.com/@PKSF1990

সম্ভাবনাময় ক্ষুদ্র উদ্যোগ সমূহের প্রসারে উদ্ভাবনীমূলক আর্থিক সেবার প্রচলন বিষয়ে সংক্ষিপ্ত ধারণাপত্র

১. ক্ষুদ্র উদ্যোগসমূহ জাতীয় অর্থনীতির গুরুত্বপূর্ণ চালিকাশক্তি। বর্তমানে দেশে ক্ষুদ্র উদ্যোগের সংখ্যা প্রায় ১.০ কোটি'র অধিক, যা প্রচলিত মোট উদ্যোগের প্রায় ৯০%। দেশের অকৃষি খাতে সৃষ্ট কর্মসংস্থানের প্রায় ৫৬% এই খাত হতে আসে। কিন্তু নানা ধরনের সীমাবদ্ধতার কারণে এ উদ্যোগসমূহ এখনো আশানুরূপভাবে বিকশিত হতে পারেনি; দেশের জিডিপিতে CMSME খাতের অবদান মাত্র ২৫%। সার্বিকভাবে, শোভন কর্মসংস্থান সৃষ্টি ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন ত্বরান্বিত করতে ক্ষুদ্র উদ্যোগ খাতে আরো বেশি বিনিয়োগ ও মনোযোগ বৃদ্ধির অবকাশ রয়েছে।

২. বাংলাদেশে ক্ষুদ্র উদ্যোগসমূহ নানা ধরনের কাঠামোগত বাধার সম্মুখীন, যার মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রতিবন্ধক হলো যথাযথ এবং পর্যাপ্ত অর্থায়নের স্বল্পতা। ক্ষুদ্র অর্থায়ন প্রতিষ্ঠানসমূহ এসব উদ্যোগে অর্থায়নের অন্যতম উৎস হলেও, তাদের আর্থিক সেবাসমূহ মূলত উচ্চ সুদের, নিয়মিত কিস্তি নির্ভর, স্বল্পমেয়াদি ঋণ, যা দীর্ঘমেয়াদি বিনিয়োগ ও পুঁজি গঠনের জন্য সহায়ক নয়। **সার্বিকভাবে সীমিত অর্থায়ন, উচ্চ ব্যয় এবং বিশেষত কার্যকর ঝুঁকি ভাগাভাগি ব্যবস্থার অভাবে ক্ষুদ্র উদ্যোগসমূহ কম ঝুঁকিপূর্ণ ও কম লাভজনক প্রকল্পে তাদের বিনিয়োগ সীমাবদ্ধ রাখতে বাধ্য হয়,** যা তাদের কাঙ্ক্ষিত প্রবৃদ্ধিকে বাধাগ্রস্ত করে।

৩. সম্ভাবনাময় ও প্রবৃদ্ধিমুখী ক্ষুদ্র উদ্যোগের জন্য বিদ্যমান অর্থায়নের সীমাবদ্ধতা বিবেচনায় বর্তমান প্রেক্ষাপটে আরো উদ্ভাবনীমূলক আর্থিক সেবা প্রচলনের সুযোগ রয়েছে, যা ক্ষুদ্র উদ্যোগসমূহ-কে তুলনামূলক উচ্চ ঝুঁকিপূর্ণ কিন্তু অধিকতর লাভজনক খাতে বিনিয়োগ উৎসাহিত করার মাধ্যমে ক্ষুদ্র উদ্যোগ খাতের যথাযথ উন্নয়ন ও বিস্তারে সহায়ক হবে। **এক্ষেত্রে, ইক্যুইটি** (equity), **কোয়াসি-ইক্যুইটি** (quasi-equity), **চলতি মূলধন ঋণ, অনুদান, গ্যারান্টিভিত্তিক অর্থায়ন ও ইনস্যুরেন্স এর উপযুক্ত** blending **এর মাধ্যমে অর্থায়ন, সম্ভাবনাময় বিকল্প হিসেবে বিবেচিত হতে পারে।** *এসব আর্থিক সেবার উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হবে কার্যকর ঝুঁকি ভাগাভাগির ব্যবস্থা (risk sharing), ব্যবসার ক্যাশ-ফ্লো এর সাথে পরিশোধসূচির সামঞ্জস্যতা এবং গ্রহণযোগ্য অর্থায়ন খরচ।*

৪. **প্রস্তাবিত ধারণার মূল উপাদানসমূহ:**

প্রস্তাবিত উদ্যোগের মূল উদ্দেশ্য হলো, প্রবৃদ্ধিমুখী সম্ভাবনাময় ক্ষুদ্র উদ্যোগের জন্য প্রচলিত অর্থায়নের পাশাপাশি complementary অর্থায়ন ও ঝুঁকি ব্যবস্থাপনা উপাদান যুক্ত করে একটি অধিক উপযোগী financing solution তৈরি করা। এ ক্ষেত্রে বিভিন্ন পরিপূরক উপাদানকে এমনভাবে সমন্বয় করা, যাতে উদ্যোক্তার বিনিয়োগের পরিমাণ, সময়কাল, cash flow এবং ঝুঁকির সঙ্গে অর্থায়ন অধিকতর সামঞ্জস্যপূর্ণ হয়।

ক. Risk Sharing growth capital: ব্যবসা সম্প্রসারণ, machinery/equipment বা অন্যান্য productive investment-এর জন্য তুলনামূলক দীর্ঘমেয়াদি অর্থায়নের প্রচলন করা। বিনিয়োগের ধরন ও ঝুঁকি অনুযায়ী এটি equity, quasi-equity, মেয়াদি ঋণ বা অন্য কোনো দীর্ঘমেয়াদি কাঠামোতে হতে পারে। বিশেষত যেসব সম্ভাবনাময় বিনিয়োগ হতে ভবিষ্যৎ আয় আসতে কিছুটা বিলম্ব হতে পারে/ এ সম্পর্কে অনিশ্চয়তা রয়েছে, সেখানে অর্থায়নের return ও repayment-এর ধরন, ব্যবসার performance বা cash flow-এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করে নির্ধারণ এবং **বিনিয়োগ ঝুঁকি উদ্যোক্তা ও অর্থায়নকারীর মধ্যে ভাগাভাগির উপযুক্ত mechanism উন্নয়ন করা।** এর মাধ্যমে প্রচলিত fixed-installment ঋণ-এর বাইরে প্রবৃদ্ধি সহায়ক অর্থায়নের সুযোগ সৃষ্টি হবে।

খ. Complementary Working Capital: দৈনন্দিন ব্যবসায়িক কার্যক্রম, কাঁচামাল ও অন্যান্য চলতি প্রয়োজনের জন্য প্রয়োজন অনুযায়ী বিদ্যমান PO financing facility ব্যবহার করা। এতে প্রস্তাবিত growth capital মূলত productive investment-এর জন্য ব্যবহৃত হবে এবং working capital-এর প্রয়োজন আলাদাভাবে পূরণ করা যাবে। এতে দুটি financing need-কে সমন্বিতভাবে address করার সুযোগ তৈরি হবে।

গ. Risk Protection: ব্যবসা পরিচালনার সঙ্গে সংশ্লিষ্ট নির্দিষ্ট ঝুঁকি মোকাবিলায় insurance এবং প্রয়োজন অনুযায়ী guarantee/credit enhancement-এর মতো ব্যবস্থা যুক্ত করার বিষয়টি খতিয়ে দেখা হবে।

৫. পিকেএসএফ দেশের বিভিন্ন স্থানে একাধিক উৎপাদনশীল সেক্টরে প্রাথমিকভাবে ১০০ জন ক্ষুদ্র উদ্যোক্তাকে নিয়ে উদ্ভাবনীমূলক আর্থিক সেবা পাইলটিং-করবে। এক্ষেত্রে, ব্যবসায়িক ক্লাস্টারভুক্ত, সর্বোচ্চ দেশজ ভ্যালু সংযোজন করে এ ধরনের উদ্যোগসমূহ-কে প্রাধান্য দেয়া হবে। এর ভিত্তিতে পরবর্তীতে ক্ষুদ্র উদ্যোগ খাতে অর্থায়ন সহায়ক নতুন আর্থিক সেবার উপযুক্ত প্রোটোটাইপ তৈরি করে মাঠপর্যায়ে বাস্তবায়ন করা হবে।

সংযুক্তি-১

প্রস্তাবিত উদ্যোগের জন্য সম্ভাবনাময় ক্ষুদ্র উদ্যোগের প্রাথমিক তথ্য

প্রস্তাবিত উদ্যোগের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ এমন, সর্বোচ্চ ১০টি সম্ভাবনাময় ক্ষুদ্র উদ্যোগের তথ্য প্রদান করুন। যেসব উদ্যোগের ব্যবসা সম্প্রসারণ বা উৎপাদনশীল বিনিয়োগের বাস্তব সম্ভাবনা রয়েছে, সেসব উদ্যোগকে বিশেষভাবে অগ্রাধিকার দিন।

ক্রম	উদ্যোক্তার নাম ও মোবাইল নম্বর	খাত/ব্যবসার ধরন	জমি ও ভবন বাদে ব্যবসায় মোট মোট সম্পদ (টাকা)	বার্ষিক বিক্রয় (টাকা)	কর্মসংস্থান (উদ্যোক্তাসহ মোট কত জন)	উদ্যোগে সংস্থার সর্বশেষ বিতরণকৃত ঋণ (টাকা)	নতুন অথায়ন চাহিদা (টাকা)	নতুন অর্থায়ন কেন প্রয়োজন?	কি ধরনের নতুন আর্থিক সেবা উপযুক্ত হবে?*	একাধিক আর্থিক সেবা ভিত্তিক চাহিদা (*যেমন: স্বল্প মেয়াদি ঋণ কত, দীর্ঘমেয়াদি ঋণ কত, Equity/Quasi-equity, কত ইত্যাদি*)*
১										
২										
৩										
৪										
৫										
৬										
৭										
৮										
৯										
১০										

কি ধরনের নতুন আর্থিক সেবা উপযুক্ত হবে এবং একাধিক আর্থিক সেবা ভিত্তিক চাহিদা সংক্রান্ত তথ্য প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত সেবাসমূহ বিবেচনা করুন।

ক্ষুদ্র উদ্যোগের জন্য বিভিন্ন ধরনের সম্ভাব্য আর্থিক সেবা:

ক) স্বল্প মেয়াদি চলতি মূলধন ঋণ: স্বাভাবিক মাসিক কিস্তিভিত্তিক ১/১.৫ বছর মেয়াদী ঋণ;

খ) মৌসুমী চলতি মূলধন ঋণ: ব্যবসায়িক প্রয়োজনে এককালীন স্বল্পমেয়াদী ঋণ;

গ) দীর্ঘমেয়াদি ঋণ: হেভি মেশিনারিজ, ইকুইপমেন্টসহ বিভিন্ন দীর্ঘমেয়াদী ব্যবসায়িক বিনিয়োগের জন্য ৩-৫ বছর মেয়াদী ঋণ;

ঘ) Equity/Quasi-equity: দীর্ঘমেয়াদী ব্যবসায়িক বিনিয়োগের জন্য আয়/লাভ শেয়ারিং-এর ভিত্তিতে ৩-৫ মেয়াদে অর্থায়ন;

ঙ) ইন্সুরেন্স: ক্ষুদ্র উদ্যোগ বিনিয়োগের ঝুকি হ্রাসের জন্য উপযুক্ত এবং আরো কার্যকর ইন্সুরেন্স সেবা;

চ) অনুদান: সম্ভাবনাময় নতুন উদ্যোগ-কে টেকসই, viable করার লক্ষ্যে লক্ষভিত্তিক অনুদান প্রদান;

উল্লেখ্য, ক্ষুদ্র উদ্যোগের প্রয়োজন অনুসারে একাধিক আর্থিক সেবা blend করা যেতে পারে। অর্থাৎ একই সময়ে কোনো ক্ষুদ্র উদ্যোগ-কে একাধিক আর্থিক সেবা প্রদান করা যাবে।

সংযুক্তি-২

প্রাথমিক তথ্য পুরণের সাধারণ নির্দেশিকা:

প্রবৃদ্ধিমুখী ক্ষুদ্র উদ্যোগের ক্ষেত্রে যে কারণে অর্থায়নের প্রয়োজন হতে পারে-

- **চলতি মূলধন (Working Capital)**
  - উপকরণ • মালামাল • মজুদ পণ্য • মজুরি • মৌসুমি প্রয়োজন মেটানোর জন্য
- **স্থায়ী বা উৎপাদনশীল বিনিয়োগ (Fixed/Productive Investment)**
  - যন্ত্রপাতি • সরঞ্জাম ক্রয়ের জন্য
- উদ্যোগের প্রবৃদ্ধি ও সম্প্রসারণের জন্য বিভিন্ন পর্যায়ে এর যেকোনো একটি অথবা উভয় ধরনের অর্থায়নেরই প্রয়োজন হতে পারে।

উদাহরণ: উদাহরণগুলো একজন প্রবৃদ্ধিমুখী উদ্যোক্তা বা ব্যবসা সম্প্রসারণকারী উদ্যোক্তার ক্ষেত্রে প্রয়োজ্য (যাদের তালিকা তৈরী করা যাবে)

১. ঋণ পরিশোধের ভালো রেকর্ড রয়েছে এমন একজন প্রতিষ্ঠিত বিস্কুট ফ্যাক্টরী মালিক যিনি ব্যবসা সম্প্রসারণের জন্য বা কারখানার উৎপাদন বৃদ্ধির জন্য ২টি মেশিণ বসানোর প্রয়োজন এবং প্রায় ১০ লাখ টাকা লাগবে। ইতিমধ্যে সংস্থা থেকে ১০ লক্ষ টাকা ঋণ গ্রহন করেছিল এবং এখনও ৪ লক্ষ টাকা পাওনা রয়েছে কিন্তু এ অবস্থায় তাকে পুনরায় ঋণ দিতে পারছি না। এরুপ সমস্যায় বা বাস্তব প্রবৃদ্ধিমূখী উদ্যোক্তাকে দীর্ঘমেয়াদী ঋণ প্রদান করা যাবে বা উদ্ভাবনীমূলক আর্থিক সেবার আওতাভুক্ত এনে তালিকা করা যাবে।

২. ঋণ পরিশোধের ভালো রেকর্ড রয়েছে এমন একজন চালকল মালিকের ফসল তোলার মৌসুমে ছয় মাসের জন্য অতিরিক্ত ১৫ লাখ টাকার প্রয়োজন। যেহেতু তার মজুদ পণ্য আটকে আছে যা বিক্রির মাধ্যমেই নগদ অর্থ বা ক্যাশ আসে । আবার বর্তমান ঋনের কিস্তি নিয়মিত অর্থ পরিশোধ করতে হয়, অথচ ব্যবসার মূল অর্থ মজুদ পণ্যের মধ্যেই আটকে থাকে। নগদ অর্থ প্রাপ্তি এবং ঋণ পরিশোধের সময়ের মধ্যে স্বাভাবিকভাবেই কোনো মিল থাকে না। এ সমস্যা বা ব্যবসা সম্প্রসারণের জন্য অতিরিক্ত স্বল্পমেয়াদী ঋণ প্রদান করা যাবে।

৩. এছাড়াও আসবাবপত্র তৈরীর কারখানা, ক্ষুদ্র গার্মেন্টস বা তাঁত শিল্প প্রতিষ্ঠান সহ এরকম বিভিন্ন অকৃষি খাত আছে যাদের তথ্য প্রাথমিক তালিকার আওতায় আনা যাবে।

৪. প্রতিষ্ঠিত গাভীর বড় খামার মালিক যেখানে মজুরীভিত্তিক শ্রমিক নিয়োজিত আছে। তার খামার অত্যাধুনিক করতে নতুন গাভী ক্রয়সহ কিছু যন্ত্রাংশ প্রয়োজন হতে পারে(বাস্তবসম্মত)। বিতরণকৃত ঋণের স্থিতি ৩ লাখ টাকা পাওনা থাকলেও তাকে পুনরায় তার খামার উন্নয়ন তথা উদ্যোগ সম্প্রসারণের জন্য ঋণের আওতাভুক্ত করা যাবে।

৫. এরকম মুরগীর খামার, শস্য শুকানোর জন্য ক্রপ ডায়ার সহ অন্যান্য কৃষি খাতকে প্রাথমিক তালিকার আওতায় আনা যাবে।

উল্লেখ্য যে এখানে সংস্থার বিদ্যমান সদস্য বা নতুন সদস্যও আসতে পারে। তবে পুরোনো পরীক্ষিত সদস্যকে অগ্রাধিকার দিতে হবে।

(তথ্য পূরনের নমুনা কপি)

সংযুক্তি-১

প্রস্তাবিত উদ্যোগের জন্য সম্ভাবনাময় ক্ষুদ্র উদ্যোগের প্রাথমিক তথ্য

প্রস্তাবিত উদ্যোগের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ এমন, সর্বোচ্চ ১০টি সম্ভাবনাময় ক্ষুদ্র উদ্যোগের তথ্য প্রদান করুন। যেসব উদ্যোগের ব্যবসা সম্প্রসারণ বা উৎপাদনশীল বিনিয়োগের বাস্তব সম্ভাবনা রয়েছে, সেসব উদ্যোগকে বিশেষভাবে অগ্রাধিকার দিন।

ক্রম	উদ্যোক্তার নাম ও মোবাইল নম্বর	খাত/ব্যবসার ধরন	জমি ও ভবন বাদে ব্যবসায় মোট মোট সম্পদ (টাকা)	বার্ষিক বিক্রয় (টাকা)	কর্মসংস্থান (উদ্যোক্তাসহ মোট কত জন)	উদ্যোগে সংস্থার সর্বশেষ বিতরণকৃত ঋণ (টাকা)	নতুন অর্থায়ন চাহিদা (টাকা)	নতুন অর্থায়ন কেন প্রয়োজন?	কি ধরনের নতুন আর্থিক সেবা উপযুক্ত হবে?*	একাধিক আর্থিক সেবা ভিত্তিক চাহিদা (*যেমন: স্বল্প মেয়াদি ঋণ কত, দীর্ঘমেয়াদি ঋণ কত, Equity/Quasi-equity, কত ইত্যাদি)**
১	রাজ্জাক	বিস্কুট ফ্যাক্টরী	সদস্যর নথিপত্র অনুযায়ী পূরণ করতে হবে				১৫ লাখ	উপকরণ ও মেশিণ ক্রয়	স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী	স্বল্প মেয়াদী ৫ লাখ ও দীর্ঘমেয়াদী ১০ লাখ
২	রাশেদ	গাভীর খামার	,,	,,	,,	,,	১৫ লাখ	গাভী ক্রয়, উন্নত সেড তৈরী ও খামার যন্ত্রপাতি ক্রয়	দীর্ঘমেয়াদী	দীর্ঘমেয়াদী ১৫ লাখ
৩	সোহাগ	চালকল	,,	,,	,,	,,	১০ লাখ	ধান/ফসল ক্রয়	স্বল্পমেয়াদী	স্বল্পমেয়াদী ১০ লাখ
৪										
৫										
৬										
৭										
৮										
৯										
১০										

**কি ধরনের নতুন আর্থিক সেবা উপযুক্ত হবে এবং একাধিক আর্থিক সেবা ভিত্তিক চাহিদা সংক্রান্ত তথ্য প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত সেবাসমূহ বিবেচনা করুন।*

ক্ষুদ্র উদ্যোগের জন্য বিভিন্ন ধরনের সম্ভাব্য আর্থিক সেবা:

ক) স্বল্প মেয়াদি চলতি মূলধন ঋণ: স্বাভাবিক মাসিক কিস্তিভিত্তিক ১/১.৫ বছর মেয়াদী ঋণ;

খ) মৌসুমী চলতি মূলধন ঋণ: ব্যবসায়িক প্রয়োজনে এককালীন স্বল্পমেয়াদী ঋণ;

গ) দীর্ঘমেয়াদি ঋণ: হেভি মেশিনারিজ, ইকুইপমেন্টসহ বিভিন্ন দীর্ঘমেয়াদী ব্যবসায়িক বিনিয়োগের জন্য ৩-৫ বছর মেয়াদী ঋণ;

ঘ) Equity/Quasi-equity: দীর্ঘমেয়াদী ব্যবসায়িক বিনিয়োগের জন্য আয়/লাভ শেয়ারিং-এর ভিত্তিতে ৩-৫ মেয়াদে অর্থায়ন;

ঙ) ইন্সুরেন্স: ক্ষুদ্র উদ্যোগ বিনিয়োগের ঝুকি হ্রাসের জন্য উপযুক্ত এবং আরো কার্যকর ইন্সুরেন্স সেবা;

চ) অনুদান: সম্ভাবনাময় নতুন উদ্যোগ-কে টেকসই, viable করার লক্ষ্যে লক্ষভিত্তিক অনুদান প্রদান;

উল্লেখ্য, ক্ষুদ্র উদ্যোগের প্রয়োজন অনুসারে একাধিক আর্থিক সেবা blend করা যেতে পারে। অর্থাৎ একই সময়ে কোনো ক্ষুদ্র উদ্যোগ-কে একাধিক আর্থিক সেবা প্রদান করা যাবে।